# নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)-এর

# নিয়োগ ও পদোন্নতি নীতিমালা-২০২৫

# অধ্যায়-১

**১.০ প্রারম্ভিকঃ**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার দপ্তরের স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০০০.৬০.০০১.২৪-১২২; তারিখঃ ১২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. মোতাবেক নেসকোর ইমপ্লয়িদের জন্য নিয়োগ ও পদোন্নতি নীতিমালা প্রণয়ণ করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি এর ২০০তম পরিচালনা পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক নেসকোর ইমপ্লয়িদের নিয়োগ ও পদোন্নতি নীতিমালা প্রণয়ন করা হলো।

**১.১ সংক্ষিপ্ত শিরোনামঃ** এই নীতিমালা “নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) এর নিয়োগ ও পদোন্নতি নীতিমালা-২০২৫” নামে অভিহিত হবে।

**১.২ কার্যকারিতাঃ** কোম্পানির পরিচালনা পর্ষদ (Board Of Directors) কর্তৃক অনুমোদনের তারিখ হতে এই নীতিমালা কার্যকর হবে।

**১.৩ উদ্দেশ্যঃ**

ক) প্রতিষ্ঠানিক প্রবৃদ্ধি ও দীর্ঘমেয়াদী ভিশন অর্জনের অভিপ্রায়ে যোগ্য ও উপযুক্ত মানব সম্পদের যোগান নিশ্চিত করা।

খ) স্বচ্ছ, ন্যায়ভিত্তিক ও প্রতিযোগিতামূলক নিয়োগ ও পদোন্নতির ব্যবস্থা করা।

গ) যোগ্য ব্যক্তিকে নিয়োগ/পদোন্নতি প্রদানের মাধ্যমে ইমপ্লয়িদের মধ্যে সুস্থ প্রতিযোগিতামূলক কর্ম পরিবেশ সৃষ্টি করা, যুগোপযোগী দক্ষতা অর্জনে অনুপ্রাণিত করা এবং কোম্পানির প্রতি স্বত্ববোধ (Sense of belongingness) জাগ্রত করা।

**১.৪ প্রযোজ্যতাঃ** এই নীতিমালা Northern Electricity Supply Company PLC (Employees) Service Rules, 2023 অতঃপর নেসকো চাকরি বিধি-২০২৩ এর অধীনে কোম্পানির সকল পর্যায়ের পদসমূহে (আউটসোর্সিং জনবল ব্যতীত) নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**১.৫ সংজ্ঞাঃ**

ক) “কোম্পানি” বলতে Northern Electricity Supply PLC (NESCO) incorporated under The Companies ACT. 1994 (Act No. 18 of 1994) কে বুঝাবে।

খ) “বোর্ড” বা “পর্ষদ” বলতে নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) এর পরিচালনা পর্ষদকে বুঝাবে।

গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলতে নেসকো চাকরি বিধি-২০২৩ এর ১.২ (ই) বিধি মতে “পরিচালনা পর্ষদ”।

ঘ) "নিয়োগ/পদোন্নতি কমিটি” বলতে নেসকো চাকরি বিধি-২০২৩ এর ৩.১ (এ) এবং ৩.২ (ডি) বিধি মতে বিভিন্ন পর্যায়ের ইমপ্লয়ির নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন এবং বোর্ডকে এ সংক্রান্ত সুপারিশ প্রদান করার নিমিত্ত গঠিত কমিটিকে বুঝাবে।

ঙ) “কর্তৃপক্ষ” বলতে নেসকো চাকরি বিধি-২০২৩ এর ১.২ (এফ) বিধি মতে “পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত যেকোনো উপযুক্ত কর্তৃপক্ষকে বোঝাবে, যা কোম্পানি/পরিচালনা পর্ষদ কর্তৃক সময়ে সময়ে জারি করা সাধারণ বা নির্দিষ্ট নির্দেশিকা প্রতিপালন করবে।”

চ) “নব নিয়োগ” বলতে উন্মুক্ত প্রতিযোগিতার মধ্যেমে সরাসরি নিয়োগকে বুঝাবে।

ছ) “চুক্তি” বলতে নেসকো চাকরি বিধি-২০২৩ এর ১.২ (এম) বিধি মতে একজন ইমপ্লয়ি ও কোম্পানির মধ্যে সম্পাদিত চাকুরির শর্তাবলি সংবলিত চুক্তিপত্রকে বুঝাবে।

জ) “ইমপ্লয়ি” বলতে নেসকো চাকরি বিধি-২০২৩ এর ১.২ (ভি) বিধি মতে কোম্পানির অর্গানোগ্রাম অনুমোদিত নিয়মিত পদের বিপরীতে নিযুক্ত ব্যক্তিকে বুঝাবে।

ঝ) “স্থায়ী পদ” বলতে কোম্পানির অর্গানোগ্রামে অনুমোদিত নিয়মিত পদকে বুঝাবে।

ঞ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়/বোর্ড” বলতে রাষ্ট্রীয় আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত বা ঘোষিত অন্য কোন বোর্ড/বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝাবে।

ট) “ডিগ্রী বা সনদ” বলতে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত বা ঘোষিত শিক্ষা প্রতিষ্ঠান হতে কোন বিষয়ে প্রদেয় ডিগ্রী/শিক্ষা সনদকে বুঝাবে।

ঠ) “সমমানের সনদ” বলতে বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত সনদ এর বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ কর্তৃক সমমান ঘোষিত সনদকে বুঝাবে।

ড) “তপশিল” বলতে নেসকো চাকরি বিধি-২০২৩ এর সাথে সংযুক্ত ‘‘Schedule of Recruitment & Promotion Guideline-2023’’ কে বুঝাবে।

ঢ) “প্রার্থী” বলতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগের জন্য প্রস্তাবিত পদে চাকরির যোগ্যতা সম্পন্ন ব্যক্তি যিনি যথাযথভাবে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করেছেন এবং পদোন্নতির ক্ষেত্রে প্রাথমিক যোগ্যতা অর্জনকারী ইমপ্লয়ি যিনি পদোন্নতি পরীক্ষা/সাক্ষাৎকার প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য বিবেচিত হয়েছেন।

ণ) “বিভাগীয় প্রার্থী” বলতে কোম্পানিতে নিয়মিত হিসেবে কর্মরত ইমপ্লয়ি যিনি সরাসরি নিয়োগযোগ্য পদে চাকরির জন্য আবেদন করেছেন। তবে নিয়োগ প্রক্রিয়াকালীন ইস্তফা/চাকরির অবসান হলে তিনি বিভাগীয় প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না।

ত) “প্রবেশনার” অর্থ উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে সরাসরি স্থায়ী পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যার চাকরি এখনও নিশ্চিত (কনফার্মড) করা হয়নি।

থ) “এন্ট্রিলেভেল বা প্রথম প্রবেশ পদ” বলতে নেসকো চাকরি বিধি-২০২৩ এর নিয়োগ ও পদোন্নতির তপশিল অনুসারে যে সকল পদসমূহ সরাসরি নিয়োগযোগ্য এবং যে পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে পূর্ববর্তী চাকরির অভিজ্ঞতা অত্যাবশ্যকীয় শর্ত হিসেবে নির্ধারণ করা হয়নি, সেসকল পদসমূহকে বুঝাবে।

দ) “জনবল কাঠামো (অর্গানোগ্রাম)’’ বলতে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের পরামর্শক কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত পদ, পদবি ও জনবল সংখ্যার কাঠামোকে বুঝাবে।

ধ) “কোর” বলতে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পরিষেবার সুনির্দিষ্ট কার্যভিত্তিক সাংগঠনিক গ্রুপকে বুঝাবে।

ন) “জ্যেষ্ঠতা” বলতে কোন একটি পদে একই সময়ে কর্মরতদের মধ্যে ইমপ্লয়ির চাকরিকাল, বয়স (প্রযোজ্য ক্ষেত্রে), মেধাক্রম অথবা কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত মানদণ্ড অনুসারে অবস্থানক্রমকে বুঝাবে।

প) “পদোন্নতি” বলতে একজন ইমপ্লয়ির চাকরির ধারাবাহিকতায় নির্দিষ্ট সময়ান্তে বর্তমান/ফিডার পদ হতে পরবর্তী উচ্চতর পদে নিয়োগকে বুঝাবে।

ফ) “ফিডার পদ” বলতে নেসকো চাকরি বিধি-২০২৩ এর তপশিল অনুযায়ী পদোন্নতির জন্য বিবেচিত পদের নিম্নক্রমের পদকে বুঝাবে।

ব) “বার্ষিক কর্মমূল্যায়ন” অর্থ কোম্পানির নির্ধারিত পন্থায় একজন ইমপ্লয়ির কোন একটি নির্দিষ্ট সময়ের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদন যা বিধি মোতাবেক নিয়ন্ত্রণকারী ও তত্ত্বাবধানকারী ইমপ্লয়ি কর্তৃক মূল্যায়িত।

ভ) “বিরূপ মন্তব্য” বলতে বার্ষিক কর্মমূল্যায়নে সংশ্লিষ্ট ইমপ্লয়ির বিষয়ে নিয়ন্ত্রণকারী/তত্ত্বাবধানকারী ইমপ্লয়ি কর্তৃক প্রদত্ত কোন নেতিবাচক মন্তব্য বুঝাবে।

ম) “মামলা” বলতে কোনো ইমপ্লয়ির বিরুদ্ধে ফৌজদারি আদালতে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত চার্জশিট এখতিয়ারভুক্ত আদালত কর্তৃক গৃহীত হওয়া বা গৃহীত হওয়ার কার্যক্রমকে বুঝাবে।

য) “বিভাগীয় মামলা/ শৃঙ্খলামূলক কার্যক্রম” বলতে কোন ইমপ্লয়ির বিরুদ্ধে বিভাগীয় মামলা বা কোন কারণে সাময়িক বরখাস্তকালীন অবস্থাকে বুঝাবে।

র) “ল্যাটারাল এন্ট্রি” বলতে এন্ট্রিপদ ব্যাতীত অন্যান্য পদে সরাসরি নিয়োগকে বুঝাবে।

# অধ্যায়-২

## ২.০ নিয়োগ ও পদোন্নতি কমিটি এবং নিয়োগকারী কর্তৃপক্ষঃ

**২.১ নিয়োগকারী কর্তৃপক্ষঃ** কোম্পানির সকল পদে নিয়োগকারী কর্তৃপক্ষ হবে পরিচালনা পর্ষদ (Board of Directors)। সকল পদের নিয়োগ ও পদোন্নতি ,পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত কমিটির সুপারিশের ভিত্তিতে সম্পাদন করা হবে। শর্ত থাকে যে, ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক পদে নিয়োগে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের পরামর্শ গ্রহণ করতে হবে।

**২.২ নিয়োগ/পদোন্নতি কমিটিঃ**

ক. ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক পদে নিয়োগর ক্ষেত্রে পূর্নাঙ্গ বোর্ড, বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি ও বিউবো'র প্রতিনিধির সমন্বয়ে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে কমিটি গঠিত হবে।

খ. নেসকো চাকরি বিধি-২০২৩ এ বর্ণিত ৩ ও ৪ নং গ্রেডের পদসমূহে নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত সদস্যের সমন্বয়ে নিয়োগ/পদোন্নতি কমিটি গঠিত হবে:

| কমিটিতে অন্তর্ভুক্ত সদস্যের বিবরণ | সংখ্যা | কমিটিতে অবস্থান | মন্তব্য |
|---|---|---|---|
| এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাফেয়ার্স কমিটির চেয়ারম্যান | ১ | সভাপতি | |
| ব্যবস্থাপনা পরিচালক | ১ | সদস্য | |
| এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যাফেয়ার্স কমিটির সদস্য | ২ | সদস্য | পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত |
| বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি | ১ | সদস্য | |
| বিশেষজ্ঞ প্রতিনিধি (বাবিউবো/ রাষ্ট্রায়ত্ত বিদ্যুৎ বিতরণ কোম্পানি থেকে) | ১ | সদস্য | |
| নির্বাহী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) | ১ | সদস্য সচিব | |

গ) নেসকো চাকরি বিধি-২০২৩ এ বর্ণিত ৫ থেকে ৮ নং গ্রেডের পদসমূহে নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত সদস্যের সমন্বয়ে নিয়োগ/পদোন্নতি কমিটি গঠিত হবে:

| কমিটিতে অন্তর্ভুক্ত সদস্যের বিবরণ | সংখ্যা | কমিটিতে অবস্থান | মন্তব্য |
|---|---|---|---|
| পরিচালনা পর্ষদের পরিচালক | ০১ | সভাপতি | পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত |
| ব্যবস্থাপনা পরিচালক | ০১ | সদস্য | |
| বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি | ০১ | সদস্য | |
| বিশেষজ্ঞ প্রতিনিধি (বাবিউবো/ রাষ্ট্রায়ত্ত বিদ্যুৎ বিতরণ কোম্পানি থেকে) | ০১ | সদস্য | |
| নির্বাহী পরিচালক | ০২ | সদস্য | ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত |
| নির্বাহী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) | ০১ | সদস্য সচিব | |

ঘ) নেসকো চাকরি বিধি-২০২৩ এ বর্ণিত ৯ম হতে ১৬তম গ্রেডের পদসমূহে নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত সদস্যের সমন্বয়ে নিয়োগ/পদোন্নতি কমিটি গঠিত হবে:

| কমিটিতে অন্তর্ভুক্ত সদস্যের বিবরণ | সংখ্যা | কমিটিতে অবস্থান | মন্তব্য |
|---|---|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক | ০১ | সভাপতি | |
| বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি | ০১ | সদস্য | |
| বিশেষজ্ঞ প্রতিনিধি (বাবিউবো/ রাষ্ট্রায়ত্ত বিদ্যুৎ বিতরণ কোম্পানি থেকে) | ০১ | সদস্য | পদোন্নতির ক্ষেত্রে বিশেষজ্ঞ প্রতিনিধি হিসেবে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত নেসকোর প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপক এর মধ্য থেকে একজন। |
| নির্বাহী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) | ০১ | সদস্য | |
| নির্বাহী পরিচালক | ০২ | সদস্য | ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত |
| মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) | ০১ | সদস্য সচিব | |

**২.৩ শর্তাবলিঃ**

ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনে আবেদন যাচাই-বাছাইপূর্বক সংক্ষিপ্ত তালিকা (Short List) প্রস্তুত করে শুধুমাত্র ঐ তালিকার প্রার্থীদের লিখিত পরীক্ষা অথবা মৌখিক পরীক্ষা (Viva) অথবা লিখিত ও মৌখিক (Viva) পরীক্ষা গ্রহণ করা যাবে।

খ) কোন নির্দিষ্ট পদে নিয়োগ/পদোন্নতি কার্যক্রম শুরুর প্রাক্কালে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত নিয়োগ/পদোন্নতি কমিটিতে মনোনীত সদস্যগণের নাম চূড়ান্ত করতঃ কমিটি গঠন নিশ্চিত করতে হবে।

গ) নিয়োগের ক্ষেত্রে নেসকো চাকরি বিধি-২০২৩ এর বিধি ৩.১.২ এর উপবিধি a(ii) অনুসরণ করে লিখিত পরীক্ষা বা মৌখিক পরীক্ষা বা উভয় পরীক্ষা অথবা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্য যেকোনো পদ্ধতিতে পরীক্ষা নিয়ে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা যাবে। সকল প্রার্থীর লিখিত পরীক্ষা বা মৌখিক পরীক্ষা (Viva) বা লিখিত ও মৌখিক (Viva) পরীক্ষা অথবা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য যেকোনো পদ্ধতিতে পরীক্ষা গ্রহণপূর্বক কোরভিত্তিক সমন্বিত ফলাফল (টেবুলেশন) প্রস্তুত করতে হবে।

ঘ) পদোন্নতির ক্ষেত্রে যৌক্তিক বিবেচনায় পদোন্নতি কমিটি লিখিত পরীক্ষা অথবা মৌখিক পরীক্ষা (Viva) অথবা লিখিত ও মৌখিক (Viva) অথবা অন্য যেকোনো পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করতে পারবে।

ঙ) নিয়োগ/পদোন্নতি কমিটি সকল কার্যক্রম সম্পন্ন করতঃ গ্রেড ও কোরভিত্তিক সমন্বিত ফলাফলের ভিত্তিতে নিয়োগ/পদোন্নতির জন্য সুপারিশকৃত প্রার্থীর (প্রযোজ্য ক্ষেত্রে অপেক্ষমান প্রার্থীর তালিকাসহ) তালিকা সিলগালাকৃত অবস্থায় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট পেশ করবেন।

চ) পদোন্নতি/নিয়োগ কমিটির কাজে প্রয়োজনে প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন বিভাগ ও কোম্পানি সচিবালয় দপ্তরের এক/একাধিক ইমপ্লয়ি সহায়তাকারীর দায়িত্ব পালন করবেন।

জ) নিয়োগ/পদোন্নতি কমিটির সদস্যগণ ও সমন্বয়কারী/সহকারি সমন্বয়কারী/সহায়তা প্রদানকারীগণ ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অনুমোদিত হারে সম্মানী প্রাপ্য হবেন।

## অধ্যায়-৩

**৩.০ নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত কার্যক্রমঃ**

**৩.১ নিয়োগ/পদোন্নতিযোগ্য পদের যোগ্যতাঃ**

ক) জনবল কাঠামোতে অনুমোদিত পদসমূহে সরাসরি নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে প্রতিটি পদের জন্য নেসকো চাকরি বিধি-২০২৩ এ অন্তর্ভুক্ত নিয়োগ ও পদোন্নতির তপশিলের যোগ্যতা বিবেচিত হবে।

খ) সময়ে সময়ে কোম্পানির জনবল কাঠামোতে যুক্ত/নবসৃষ্ট পদ সমূহের নিয়োগ ও পদোন্নতির প্রয়োজনীয় মানদন্ডঃ শিক্ষাগত যোগ্যতা, দক্ষতা, বয়স, অভিজ্ঞতা ও অন্যান্য বিষয় কোম্পানির পরিচালনা পর্ষদে অনুমোদনের সাথে সাথে তপশিলে অন্তর্ভুক্ত বলে গণ্য হবে।

**৩.২ নিয়োগ/পদোন্নতির কর্মপরিকল্পনাঃ**

নিয়োগ/পদোন্নতি কার্যক্রম অর্থ বছর ভিত্তিক কর্মপরিকল্পনা অনুসারে পরিচালিত হবে। প্রতি অর্থ বছরের শুরুতে সংশ্লিষ্ট অর্থ বছরে নিয়োগ ও পদোন্নতির সম্ভাব্য পদসংখ্যার বিবরণী নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। জরুরি প্রয়োজনে অর্থ বছরের যে কোন সময়ে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিয়োগ/পদোন্নতি কার্যক্রম পরিচালনা করা যাবে।

**৩.৩ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশঃ**

ক) সরাসরি/উন্মুক্ত পদ্ধতিতে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদের যোগ্যতা অর্জনকারীদের অবহিতকরণ এবং আগ্রহী প্রার্থীদের আবেদনের বিষয় সুনিশ্চিত করার লক্ষ্যে বর্ণিত পদের নিয়োগ বিজ্ঞপ্তি ন্যূনতম দুইটি বহুল প্রচারিত (একটি বাংলা ও একটি ইংরেজি) জাতীয় দৈনিক এবং কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এছাড়াও, ক্যারিয়ারসাইট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা যাবে। তবে, এন্ট্রিলেভেল/প্রথম প্রবেশ পদসমূহ ব্যাতিরেকে অন্যান্য পদে নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তি বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন অন্যান্য কোম্পানির ওয়েবসাইটেও প্রকাশের অনুরোধ করা যাবে।

খ) নেসকো চাকরি বিধি-২০২৩ অনুযায়ী নিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও বিভিন্ন সুবিধাদির সংক্ষিপ্ত বিবরণ নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশ করা হবে।

গ) কোনো কারণে নিয়োগযোগ্য কোন পদে নির্ধারিত যোগ্যতার প্রার্থীর স্বল্পতা দেখা দিলে প্রয়োজনে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে বাস্তবতার নিরিখে যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স শিথিল করে তপশিল সংশোধনপূর্বক পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা যাবে।

**৩.৪ আবেদনপত্র গ্রহণঃ**

ক) আবেদন গ্রহণ প্রক্রিয়া সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকবে। বিজ্ঞপ্তি অনুসারে আবেদন সফটওয়ারের মাধ্যমে অনলাইনে অথবা হার্ড কপি ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/সরাসরি গৃহীত হবে।

খ) আবেদন গ্রহণের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে ন্যূনতম ১৪ (চৌদ্দ) দিন সময় প্রদান করা হবে। প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ আবেদনের যৌক্তিক সময় বৃদ্ধি করতে পারবে।

গ) অনলাইনে আবেদন গ্রহণের ক্ষেত্রে আবেদন ফরম পূরণের জন্য বিজ্ঞপ্তির সাথে নেসকো ক্যারিয়ার পোর্টালে নির্দেশিকা সংযুক্ত করতে হবে।

**৩.৫. আবেদনের ক্ষেত্রে বয়স সীমাঃ**

ক) এন্ট্রিলেভেল এর পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে দেশের প্রচলিত আইন অনুসারে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বৎসর পূর্ণ না হলে তিনি আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

খ) এন্ট্রিলেভেল এর পদে সর্বোচ্চ বয়স সীমা হবে ৩২ বছর। তবে এন্ট্রিলেভেল পদে বয়স সীমা সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সার্কুলার/প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হবে। অন্যান্য পদে প্রার্থীর বয়স সীমা সংশ্লিষ্ট পদের জন্য ঘোষিত তপশিল অনুযায়ী নির্ধারিত হবে।

গ) সরাসরি/উন্মুক্ত পদ্ধতিতে (নব নিয়োগ) নিয়োগযোগ্য যে কোন পদে আবেদনের ক্ষেত্রে কেবলমাত্র নেসকোতে নিয়মিত হিসেবে কর্মরত প্রার্থীগণ বিভাগীয় প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। এক্ষেত্রে নেসকোতে কর্মরত কোনো ইমপ্লয়ির নিয়োগযোগ্য পদের যোগ্যতা ও অভিজ্ঞতা থাকলে তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধমে আবেদন করতে পারবেন। নিয়োগযোগ্য পদের বিভাগীয় প্রার্থীদের বয়স সীমা নেসকো চাকরি বিধি-২০২৩ এর তপশিল অনুযায়ী নির্ধারিত হবে।

**৩.৬ আবেদনের সাথে পে-অর্ডার/অর্থ গ্রহণঃ**

ক) সরাসরি/উন্মুক্ত নিয়োগের ক্ষেত্রে পদ ভেদে প্রার্থীদের নিকট হতে দেশের তপশিলি ব্যাংকসমূহের মাধ্যমে পে-অর্ডার/অনলাইন ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে আবেদন ফি (অফেরতযোগ্য) গ্রহণ করা যাবে।

খ) কোনো পদের পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে উক্ত পদে প্রথম আবেদনের সময় প্রার্থীর নিকট হতে গৃহীত ফি পরবর্তী নিয়োগ কার্যক্রমের সময় সমন্বয় করা যাবে।

**৩.৭ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন ও বাতিলকরণঃ**

নিয়োগকারী কর্তৃপক্ষ স্বীয় বিবেচনায় নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিল করতে পারবে। এইরূপ ক্ষেত্রে যে সকল জাতীয় দৈনিক ও মাধ্যমসমূহে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য যতদূর সম্ভব সে সকল পত্রিকা/মাধ্যমে পুনঃবিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

**৩.৮ নিয়োগের ক্ষেত্রে মেধা, জেলা ও অন্যান্য কোটা অনুসরণঃ**

সরাসরি/উন্মুক্ত নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুসৃত বিধি/নীতিমালা এবং এতদসংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে জারিকৃত প্রজ্ঞাপন অনুসারে মেধা এবং প্রযোজ্য কোটা অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**৩.৯ নিয়োগ পরীক্ষার মান/নম্বর বন্টনঃ**

নেসকো চাকরি বিধি-২০২৩ এর বিধি ৩.১.২ এর a(ii) উপবিধির নির্দেশনা অনুসারে কর্তৃপক্ষ কর্তৃক ভিন্ন কোনো পদ্ধতিতে পরীক্ষা গ্রহন বা মূল্যায়নের সিদ্ধান্ত গৃহীত না হলে সাধারণভাবে নিম্নোক্তভাবে নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবেঃ

ক) ব্যবস্থাপনা পরিচালক ও নির্বাহী পরিচালক নিয়োগের জন্য প্রার্থীদের মূল্যায়নের ক্ষেত্রে পরীক্ষার নির্ণায়ক ও মানবন্টন নিয়োগ কমিটি নির্ধারণ করবে যা পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হবে।

খ) ব্যবস্থাপনা পরিচালক ও নির্বাহী পরিচালক ব্যতীত অন্যান্য পদে ল্যাটারাল এন্ট্রির ক্ষেত্রে মূল্যায়নের নির্ণায়কসমূহ নিম্নরূপ হবেঃ

| ক্রম. | নির্ণায়ক | সর্বোচ্চ মান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | লিখিত পরীক্ষা | ৭০ | পরীক্ষার নির্ণায়ক ও মানবন্টন নিয়োগ কমিটি নির্ধারণ করবে যা পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হবে। |
| ২ | শিক্ষাগত যোগ্যতা | ১০ | নেসকো চাকরি বিধি-২০২৩ এর বিধি ৩.১.২ এর (ই) বিধি মোতাবেক নির্ধারিত হবে। |
| ৩ | মৌখিক পরীক্ষা | ২০ | সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ড কর্তৃক বন্টনযোগ্য হবে। |
| | সর্বমোট= | ১০০ | |

গ) এন্ট্রি পদে সরাসরি/উন্মুক্ত নিয়োগ প্রক্রিয়ায় নিয়োগযোগ্য পদ বিবেচনায় নিয়োগ পরীক্ষা লিখিত অথবা মৌখিক অথবা ব্যবহারিক অথবা সমন্বিত (লিখিত, মৌখিক, ব্যবহারিক) প্রক্রিয়ার মাধ্যমে হতে পারে। যে কোন নিয়োগে প্রার্থীগণ মোট ১০০ নম্বরের নির্ণায়কে মূল্যায়িত হবে। প্রার্থীদের মূল্যায়নের ক্ষেত্রে সাধারণভাবে নির্ণায়কসমূহের মান নিম্নরূপ হবেঃ

| ক্রম. | নির্ণায়ক | সর্বোচ্চ মান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | লিখিত পরীক্ষা | ৭০ | নম্বর বণ্টন নিম্নরূপ হবে:<br>ক. বাংলা ও ইংরেজি – ২০ নম্বর<br>খ. গাণিতিক যুক্তি - ২০ নম্বর<br>গ. প্রাসঙ্গিক বিষয়ের উপর দক্ষতা- ২০ নম্বর<br>ঘ. সাধারণ জ্ঞান – ১০ নম্বর |
| ২ | শিক্ষাগত যোগ্যতা | ১০ | নেসকো চাকরি বিধি-২০২৩ এর বিধি ৩.১.২ এর (ই) বিধি মোতাবেক নির্ধারিত হবে। |
| ৩ | মৌখিক পরীক্ষা | ২০ | সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ড কর্তৃক বন্টনযোগ্য হবে। |
| | সর্বমোট= | ১০০ | |

ঘ) নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ৯-১৬ গ্রেডের এন্ট্রি লেভেলের কারিগরি পদে এবং অ-কারিগরি পর্যায়ে ড্রাইভার পদে নব নিয়োগের ক্ষেত্রে মূল্যায়ন নির্ণায়ক নিম্নরূপভাবে করা যাবেঃ

| ক্র.নং | নির্ণায়ক | সর্বোচ্চ মান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | লিখিত পরীক্ষা | ৫০ | নির্ণায়ক ও মানবন্টন নিয়োগ কমিটি কর্তৃক বণ্টনযোগ্য হবে। |
| ২ | ব্যবহারিক পরীক্ষা/ফিল্ড টেস্ট | ২০ | |
| ৩ | শারীরিক যোগ্যতা ও অভিজ্ঞতা | ১০ | |
| ৪ | মৌখিক পরীক্ষা | ১০ | |
| | সর্বমোট= | ১০০ | |

**৩.১০ পরীক্ষা গ্রহণ প্রক্রিয়াঃ**

**৩.১০.১ লিখিত পরীক্ষাঃ**

ক) সরাসরি/উন্মুক্ত প্রক্রিয়ায় নিয়োগযোগ্য যে কোন পদের লিখিত পরীক্ষা পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত কমিটি অথবা পরিচালনা পর্ষদ কর্তৃক নির্বাচিত/অনুমোদিত দেশের স্বনামধন্য প্রতিষ্ঠানের মাধ্যমে গ্রহণ/আউটসোর্সিং করা যাবে।

খ) লিখিত পরীক্ষা গ্রহণের নিমিত্ত অনুমোদিত নিয়োগ কমিটি/পরিচালনা পর্ষদ কর্তৃক নির্বাচিত/অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক নেসকো চাকরি বিধি-২০২৩ এর আলোকে প্রশ্নপত্র প্রণয়ন, প্রশ্নের মান বন্টন, পরীক্ষা গ্রহণ, উত্তর পত্র মূল্যায়নপূর্বক লিখিত পরীক্ষার ফলাফল (মেধা তালিকাসহ) প্রস্তুত করবে। পরিচালনা পর্ষদ কর্তৃক নির্বাচিত/অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষা গৃহীত হলে প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত লিখিত পরীক্ষার প্রস্তুতকৃত ফলাফল উপস্থিতির তালিকাসহ সীলগালা করে নির্ধারিত সময়সীমার মধ্যে গোপনীয়তার সাথে সংশ্লিষ্ট নিয়োগ কমিটির সভাপতির নিকট সরবরাহ করবে। নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে উদ্ভুত পরিস্থিতি বিবেচনায় নিয়োগ কমিটি তাৎক্ষণিকভাবে পরীক্ষা গ্রহণ কার্যক্রম স্থগিত/বাতিল করতে পারবে।

গ) তবে লিখিত পরীক্ষা গ্রহণে গোপনীয়তাসহ সার্বিক বিষয়ে কোন প্রকার আপত্তি/সন্দেহ/প্রমাণক দেখা দিলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরীক্ষা বাতিলসহ পরীক্ষা গ্রহণকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

ঘ) কোন প্রার্থী লিখিত পরীক্ষায় অনুপস্থিত থাকলে তিনি বর্ণিত পদে তাঁর প্রার্থীতা প্রত্যাহার করেছেন মর্মে গণ্য হবে এবং পুনঃ পরীক্ষা গ্রহণ বিষয়ে প্রার্থীর আবেদন কোনভাবেই গ্রহণযোগ্য হবে না।

ঙ) লিখিত পরীক্ষা চলাকালীন কেন্দ্রের সার্বিক নিরাপত্তার দায়িত্ব নিয়োগ কমিটি/পরীক্ষা গ্রহণকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে। নিয়োগ কমিটি/ পরীক্ষা গ্রহণকারী প্রতিষ্ঠান কোন প্রার্থীর অসাধু পন্থা অবলম্বনের কারণে তার পরীক্ষা বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

চ) নেসকো বোর্ড কর্তৃক অনুমোদিত একটি মনিটরিং টিম লিখিত পরীক্ষার কার্যক্রম মনিটরিং করতে পারবে।

**৩.১০.২ মৌখিক পরীক্ষাঃ**

নিয়োগ/পদোন্নতি কমিটি নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মৌখিক পরীক্ষা গ্রহণের সুবিধার্থে এক বা একাধিক সাক্ষাৎকার বোর্ড গঠন করতে পারবে।

**৩.১১ লিখিত ও মৌখিক পরীক্ষার ক্ষেত্রে ন্যূনতম নম্বর প্রাপ্তিঃ**

ক) ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক পদে নিয়োগর ক্ষেত্রে প্রার্থী মূল্যায়নের নির্ণায়ক/মানদণ্ড পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হবে।

খ) অন্যান্য সরাসরি নিয়োগযোগ্য সকল পদে নেসকো চাকরি বিধি-২০২৩ এর ৩.১.২ এর (সি) উপবিধি মতে লিখিত পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বর প্রাপ্ত প্রার্থীগণ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হিসেবে বিবেচিত হবেন এবং ব্যবহারিক এবং/অথবা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা অর্জন করবেন।

গ) লিখিত পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বর প্রাপ্ত প্রার্থীর সংখ্যা অধিক সংখ্যক হলে চাকরি বিধি মতে নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদ সংখ্যার সর্বাধিক ৫ গুন প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবেন (ব্যবস্থাপনা পরিচালক ও নির্বাহী পরিচালক পদে নিয়োগ ব্যতীত)। এক্ষেত্রে সর্বশেষ নম্বর প্রাপ্ত প্রার্থীর সংখ্যা একাধিক হলে একই নম্বর প্রাপ্ত সকল প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া যাবে। মৌখিক পরীক্ষায় ৫০% এর নিচে নম্বর প্রাপ্ত প্রার্থীগণ চূড়ান্ত নির্বাচনের জন্য বিবেচিত হবেন না।

ঘ) সকল ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার মানদন্ড সার্ভিস রুলস অনুযায়ী নির্ধারিত হবে। তবে, কোনো পদের শিক্ষাগত যোগ্যতার মানদন্ড নেসকো চাকরি বিধি-২০২৩ এ স্পষ্টভাবে উল্লেখ না থাকলে, সেক্ষেত্রে নিয়োগ কমিটি নম্বর বন্টন করতে পারবে।

**৩.১২ চূড়ান্তভাবে নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের তালিকা প্রণয়নঃ**

ক) লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক এবং শারীরিক যোগ্যতার) সমন্বিত নম্বরের ভিত্তিতে নিয়োগ কমিটি প্রণীত চূড়ান্ত মেধা তালিকা হতে নির্বাচিত প্রার্থীদের মেধাক্রম অনুসারে বিজ্ঞপ্তিতে প্রকাশিত সংখ্যক পদের জন্য সম সংখ্যক প্রার্থীকে নিয়োগের সুপারিশ করবে।

খ) কোটায় প্রার্থী নির্বাচনের বিষয়ে সরকার কর্তৃক অনুসৃত সর্বশেষ বিধি/নীতিমালা/প্রজ্ঞাপন অনুসারে নিয়োগ কমিটি চূড়ান্ত প্রার্থী বাছাই ও অপেক্ষমান তালিকা নির্ধারণ করবে।

গ) যে কোন কোটায় নিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে মৌখিক পরীক্ষা চলাকালীন প্রার্থীকে নিয়োগ কমিটির নিকট সংশ্লিষ্ট মূল ডকুমেন্টস উপস্থাপন করতে হবে এবং এক সেট কপি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপূর্বক জমা দিতে হবে। নিয়োগ কমিটি সংশ্লিষ্ট প্রত্যয়নপত্র যাচাইপূর্বক (অনলাইন/অফলাইন) এবিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

ঘ) নিয়োগ কমিটি প্রস্তুতকৃত চূড়ান্ত মেধা তালিকা হতে নিয়োগের নিমিত্ত সুপারিশকৃত প্রার্থী ব্যতিত বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদ সংখ্যার সর্বোচ্চ ১:২ অনুপাতে সংখ্যক প্রার্থীর অপেক্ষমান তালিকা প্রস্তুত করবে।

ঙ) নিয়োগের নিমিত্ত চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর তালিকা সম্বলিত প্রতিবেদন নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

চ) ব্যবস্থাপনা পরিচালক ও নির্বাহী পরিচালক পদ ব্যতীত নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত অপেক্ষমান তালিকা নিয়োগের জন্য চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের প্রথম নিয়োগ পত্র ইস্যুর তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছর অথবা একই পদে পরবর্তী নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার পর্যন্ত (যেটি আগে ঘটে) কার্যকর থাকবে।

**৩.১৩ অপেক্ষমান তালিকা হতে প্রার্থী নিয়োগঃ**

ক) প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে নির্ধারিত সংখ্যক পদে নিয়োগপত্র প্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণের মধ্যে নিয়োগ পত্রের শর্তানুসারে নির্দিষ্ট সময়ের মধ্যে কোন প্রার্থী যোগদান না করলে বা অপেক্ষমান তালিকা চূড়ান্তভাবে অনুমোদনের পরবর্তীতে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে নিয়োগপ্রাপ্ত ইমপ্লয়ির অবসর, মৃত্যু, পদত্যাগ, বরখাস্ত ইত্যাদি কারণে পদ শূন্য হলে পরিচালনা পর্ষদ/ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বলবৎ অপেক্ষমান তালিকা থেকে উক্ত শূন্যপদে নিয়োগ প্রদান করা যাবে। এভাবে অপেক্ষমান তালিকা থেকে নির্বাচিত প্রার্থীর তালিকা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

খ) নবসৃষ্ট/অনুমোদিত অন্য কোন শূন্য পদের বিপরীতে অপেক্ষমান তালিকা হতে কোন প্রার্থীকে নিয়োগ প্রদান করা যাবে না এবং নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত লঙ্ঘন করে অতিরিক্ত সংখ্যক প্রার্থীকে নিয়োগ প্রদান করা যাবে না।

গ) নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্বাচিত/মনোনীত প্রার্থী/প্রার্থীদেরকে নিয়োগপত্র প্রদান করা হবে। নিয়োগপত্রে চাকুরির প্রয়োজনীয় শর্তাবলি উল্লেখ করা হবে।

**৩.১৪ নিয়োগ প্রাপ্তদের কাজে যোগদান কার্যক্রম সম্পন্নকরণঃ**

ক) নির্বাচিত প্রার্থীদের নিয়োগপত্র নিজ নিজ স্থায়ী/যোগাযোগের ঠিকানায় বাংলাদেশ ডাক বিভাগ (রেজিস্ট্রি উইথ এডি)/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করা হবে। একই সাথে নির্বাচিত প্রার্থীদের মোবাইলে/ই-মেইলে/হোয়াটসঅ্যাপের মাধ্যমে নিয়োগ সংক্রান্ত তথ্য অবহিত করা হবে। কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে উক্ত নিয়োগপত্র না পেলে তিনি ডুপ্লিকেট নিয়োগপত্র প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন শাখা থেকে সংগ্রহ করতে পারবেন।

খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে কাজে যোগদানের জন্য ন্যূনতম ১৪ (চৌদ্দ) দিন সময় প্রদান করে নিয়োগপত্র প্রদান করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ উপযুক্ত কারণ বিবেচনায় প্রয়োজনে যোগদানের সময় সীমা বর্ধিত বা পুনঃ নির্ধারণ করতে পারবে। যোগদানের সময় প্রার্থীকে অবশ্যই কোম্পানির পক্ষ হতে প্রেরিত নিয়োগপত্র সঙ্গে আনতে হবে এবং নিয়োগ পত্রের অনুলিপিতে তিনি বর্ণিত শর্তে কাজে যোগদানে সম্মত আছেন মর্মে স্বীকারোক্তি ও স্বাক্ষর প্রদান করবেন।

গ) নিয়োগপত্রের শর্তানুসারে প্রার্থীর শারীরিক ও মানসিক স্বাস্থ্য/উপযুক্ততা বিষয়ে সিভিল সার্জন/নেসকোর নিজস্ব মেডিকেল অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র, বিশ্বস্ততা ও গোপনীয়তার বিষয়ে অঙ্গীকারনামা, সম্পদ বিবরণী (মুখবন্ধ খামে), নির্দেশিত প্রমাণকসমূহ (শিক্ষা, অভিজ্ঞতা, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ প্রভৃতি) দাখিল করত প্রার্থী নিয়োগপত্রে বর্ণিত নির্ধারিত দিনে কাজে যোগদান করবেন। প্রার্থীর যোগদানপত্র এবং জমাদানকৃত উল্লেখিত প্রমাণকসমূহ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হলে বর্ণিত পদে যোগদানকারী ইমপ্লয়ির চাকরি কার্যকর বলে গণ্য হবে।

ঘ) নির্ধারিত দিনে কাজে যোগদানে ব্যর্থ হলে অথবা জমাদানকৃত প্রমাণকে অসত্য/ভুল তথ্য উপস্থাপন/অসাধুতার কারণে নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

ঙ) নিয়োগ প্রাপ্ত কোন প্রার্থীর যোগদানের সময় বর্ধিত করার আবেদনের প্রেক্ষিতে নিয়োগকারী কর্তৃপক্ষ উপযুক্ত কারণ বিবেচনায় যোগদানের সময় সীমা সর্বোচ্চ এক মাস পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

**৩.১৫ নিয়োগ প্রাপ্তদের জ্যেষ্ঠতা নির্ধারণঃ**

ক) একই কোরের একই গ্রেডভুক্ত পদসমূহে একই ক্যালেন্ডার/পঞ্জিকা বছরে পদোন্নতি প্রাপ্ত ইমপ্লয়িগণ সরাসরি নিয়োগপ্রাপ্ত ইমপ্লয়িগণের উপরে জ্যেষ্ঠতা পাবেন। তবে এক্ষেত্রে সরাসরি নিয়োগপ্রাপ্ত ইমপ্লয়িগণের কাজে যোগদানের পূর্বে পদোন্নতি প্রাপ্ত সংশ্লিষ্ট ইমপ্লয়িগণকে পদোন্নতির প্রাথমিক যোগ্যতার শর্তাবলী অবশ্যই পূরণ করতে হবে।

খ) ভিন্ন ভিন্ন বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত ইমপ্লয়িগণের পারস্পরিক জ্যেষ্ঠতা গণনার ক্ষেত্রে পূর্ববর্তী নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগ প্রাপ্তগণ অবশ্যই পরবর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগ প্রাপ্তগণের উপরে জ্যেষ্ঠতা পাবেন।

গ) একই বিজ্ঞপ্তির মাধ্যমে একই তারিখে একই পদের বিভিন্ন ডিসিপ্লিনে নিয়োগপ্রাপ্ত ইমপ্লয়িদের জ্যেষ্ঠতা নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত/প্রণীত কোরভিত্তিক সমন্বিত মেধা তালিকা অনুযায়ী নির্ধারণ করা হবে।

ঘ) একই তারিখে যোগদানকৃত ইমপ্লয়িগণের মেধাক্রম একই হলে তাদের পারস্পরিক জ্যেষ্ঠতা বয়সের (SSC/সমমানের সনদ বা প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ অনুসারে) ভিত্তিতে নির্ধারিত হবে। তবে ইমপ্লয়িগণের বয়স সমান হলে সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ অর্জনের শিক্ষাবর্ষ অনুসারে এবং এক্ষেত্রেও এক হলে নিম্নক্রমে অর্জিত অন্যান্য শিক্ষা সনদের শিক্ষা বর্ষের ভিত্তিতে অর্থ্যাৎ যার শিক্ষাবর্ষ পূর্বে তিনি জ্যেষ্ঠ হিসেবে গণ্য হবেন।

# অধ্যায়-৪

## ৪.০ চাকরি চুক্তি নবায়নঃ

### ৪.১ চাকরি চুক্তির ধরণঃ

নেসকো চাকরি বিধি-২০২৩ অনুযায়ী সকল নিয়মিত পদে নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে নিয়োগ হবে চুক্তিভিত্তিক। একই সময়ে একটি পদে কেবলমাত্র একজন ব্যক্তিকেই নিয়োগ/পদোন্নতি প্রদান করা যাবে।

### ৪.২ চাকরি চুক্তির সময় সীমাঃ

নব নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে যে কোন পদে চাকরি চুক্তির সর্বোচ্চ সময় সীমা সাধারনত ০৩ (তিন) বছর হবে। তবে, নেসকো চাকরি বিধি-২০২৩ অনুযায়ী একজন ইমপ্লয়ির অবসরের বয়স সীমা ৬০ বৎসর বিবেচনায় ক্ষেত্র বিশেষে এই সীমা ০৩ (তিন) বছর অপেক্ষা কম হতে পারে। ব্যবস্থাপনা পরিচালক ও নির্বাহী পরিচালক পদে প্রথম চাকরি চুক্তির মেয়াদ হবে ৩ বছর, যা উপযুক্ত প্রার্থী বিবেচনায় পরিচালনা পর্ষদের অনুমোদন ও বিদ্যুৎ বিভাগের পরামর্শ সাপেক্ষে সর্বোচ্চ ০২ (দুই) বার মেয়াদ বৃদ্ধি করে সর্বোচ্চ ৬৫ বছর বয়স পর্যন্ত বর্ধিত করা যাবে।

### ৪.৩ চাকরি নিশ্চিতকরণ (confirmation):

নেসকো চাকরি বিধি-২০২৩ এর আলোকে এন্ট্রি লেভেল ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য পদসমূহে (নির্বাহী পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক ব্যতীত) নব নিয়োগের ক্ষেত্রে প্রবেশনকাল হবে এক বছর। তবে, কর্তৃপক্ষ প্রয়োজনে যেকোন ইমপ্লয়ির কর্মমূল্যায়ন বিবেচনায় প্রবেশনকাল ৬ মাস পর্যন্ত বৃদ্ধি করতে অথবা অসন্তোষজনক কর্মদক্ষতা বিবেচনায় চাকরি অবসায়ন (Termination from service) করতে পারবে। প্রবেশনকাল শেষ হলে চাকরি নিশ্চিতকরণের অন্যান্য শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে চাকরিতে যোগদানের তারিখ থেকে স্থায়ী পদে চুক্তিভিত্তিক চাকরি নিশ্চিত (confirmed) করা হবে। ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে একজন ইমপ্লয়ির চাকরি চুক্তি নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নিশ্চিত (confirmed) করা হবেঃ

ক) প্রবেশন সময়ের বার্ষিক কর্মমূল্যায়নে সন্তোষজনক (ন্যূনতম ৭০%) নম্বর প্রাপ্তি;

খ) সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন (প্রতিবেদন) প্রাপ্তি; তবে, কোনো কারণে সন্তোষজনক প্রতিবেদন না আসলে বা বিরূপ মন্তব্য থাকলে বা পুলিশ কর্তৃক চাকরির জন্য অনুপযুক্ত হিসেবে চিহ্নিত করা হলে উক্ত ইমপ্লয়িকে নেসকো চাকরি বিধি-২০২৩ এর বিধি ১০.৩ অনুসারে চাকরি অবসায়ন (Termination from service) করা যাবে।

গ) দপ্তর প্রধান কর্তৃক সন্তোষজনক কর্মদক্ষতার প্রতিবেদন দাখিল।

ঘ) সম্পদ বিবরণী দাখিল।

ঙ) এন্ট্রি লেভেলের পদে চাকরি নিশ্চিতকরণের (confirmation) ক্ষেত্রে বুনিয়াদি প্রশিক্ষণ সনদ দাখিল করতে হবে। তবে, কোনো কারণে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করা সম্ভব না হলে ইমপ্লয়িকে প্রবেশনকালে অর্জিত কর্মকৌশল বিষয়ক বাস্তবিক জ্ঞান অর্থাৎ প্রবেশনকালে তিনি যে যে দাপ্তরিক বিষয়ের উপর বাস্তবিক ও হাতে কলমে জ্ঞান অর্জন করেছেন তার বিস্তারিত বিবরণ সম্বলিত প্রতিবেদন দপ্তর প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরপূর্বক দাখিল করতে হবে। ৮ম ও তদুর্ধ্ব গ্রেডের এন্ট্রি লেভেলের ইমপ্লয়িদের বুনিয়াদি প্রশিক্ষণ না থাকলে চাকরি নিশ্চিতকরণের (confirmation) ক্ষেত্রে বোর্ড প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে।

চ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদ প্রত্যয়নপত্র এবং ক্ষুদ্র-নৃগোষ্ঠী কোটায় নিয়োগ প্রাপ্তদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক এবং প্রতিবন্ধী কোটায় নিয়োগপ্রাপ্ত ইমপ্লয়ির ক্ষেত্রে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল।

ছ) নিয়োগপ্রাপ্ত কোনো ইমপ্লয়ি উল্লেখিত শর্তসমূহের যেকোনো শর্ত পূরণে ব্যর্থ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিয়োগচুক্তি বাতিল/ চাকরি অবসায়নসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

### ৪.৪ চাকরি চুক্তি নবায়নকারী কর্তৃপক্ষঃ

ক) ব্যবস্থাপনা পরিচালক ও নির্বাহী পরিচালক পদে চাকরি চুক্তি নবায়নের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে নবায়নযোগ্য হবে। তবে এক্ষেত্রে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের পরামর্শ গ্রহণ করতে হবে।

খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক বা সমমানের পদ এবং প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক বা সমমানের পদসমূহে চাকরি চুক্তি পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে নবায়নযোগ্য হবে।

গ) গ্রেড ০৫ হতে ১৬ পর্যন্ত সকল পদে চাকরি চুক্তি নবায়নের ক্ষেত্রে নিম্নোক্ত কমিটির সুপারিশ ও ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনের প্রেক্ষিতে নবায়নযোগ্য হবেঃ

| কমিটিতে অন্তর্ভুক্ত সদস্যের বিবরণ | কমিটিতে অবস্থান | মন্তব্য |
|---|---|---|
| নিবাহী পরিচালনা (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) | সভাপতি | |
| নির্বাহী পরিচালক (অপারেশন/প্রকৌশল/অর্থ) | সদস্য | কারিগরি পদের ক্ষেত্রে নির্বাহী পরিচালক (অপারেশন/প্রকৌশল) এবং অ-কারিগরি পদের ক্ষেত্রে নির্বাহী পরিচালক (অর্থ) |
| মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) | সদস্য সচিব | |

### ৪.৫ চাকরি চুক্তি নবায়নের শর্তাবলীঃ

ক) কোন ইমপ্লয়ির চাকরি চুক্তির মেয়াদ উত্তীর্ণ হলে অথবা পদোন্নতিজনিত কারণে পদোন্নতি প্রাপ্ত পদে চাকরি চুক্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নবায়নযোগ্য হবে।

খ) সংশ্লিষ্ট ইমপ্লয়ির চুক্তিবদ্ধ সময়ের বার্ষিক কর্ম মূল্যায়নে সন্তোষজনক (ন্যূনতম গড় নম্বর ৭০) নম্বর থাকতে হবে। কোনো ইমপ্লয়ির চুক্তিবদ্ধ সময়ের বার্ষিক কর্ম মূল্যায়নে গড় ৭০ এর নিচে নম্বর থাকলে উক্ত ইমপ্লয়ির চাকরি চুক্তি নবায়নের বিষয়ে পরিচালনা পর্ষদ সিদ্ধান্ত গ্রহণ করবে।

গ) সংশ্লিষ্ট ইমপ্লয়ির বিরুদ্ধে ফৌজদারি মামলার চার্জশীট উপর্যুক্ত আদালত কর্তৃক গৃহীত হলে অথবা বিভাগীয় মামলা চলমান/ সাময়িক বরখাস্ত অবস্থায় থাকলে তার চাকরি চুক্তি নবায়নের বিষয়ে পরিচালনা পর্ষদ সিদ্ধান্ত গ্রহণ করবে।

## অধ্যায়-৫

### ৫.০ পদোন্নতি প্রক্রিয়াঃ

### ৫.১ জ্যেষ্ঠতা তালিকা চূড়ান্তকরণঃ

ক) পদোন্নতি কার্যক্রম শুরুর পূর্বে ফিডার পদে কর্মরতদের খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হবে। প্রকাশিত খসড়া তালিকার বিষয়ে কোন আপত্তি থাকলে সংশ্লিষ্ট ইমপ্লয়িগণ ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে তা লিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রয়োজনীয় প্রমাণকসহ নির্বাহী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) বরাবর দাখিল করবেন।

খ) আপত্তি জমা দেওয়ার শেষ দিনের পরবর্তী ১ মাসের মধ্যে আপত্তি যাচাই-বাছাই করতঃ খসড়া জ্যেষ্ঠতা তালিকা ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে চূড়ান্ত করা হবে।

গ) চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকার ভিত্তিতে পদোন্নতিযোগ্য প্রার্থীগণ পদোন্নতি পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য বিবেচিত হবেন।

**৫.২ পদোন্নতির সাধারণ শর্তাবলীঃ**

ক) যে সকল ইমপ্লয়ির কোর ভিত্তিক সমন্বিত গ্রেডেশন ক্রম রয়েছে সে সকল ইমপ্লয়ির পদোন্নতির ক্ষেত্রে ১ টি পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে সর্বোচ্চ ৫ জন ইমপ্লয়িকে পদোন্নতি পরীক্ষা বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান এবং একাধিক পদের ক্ষেত্রে প্রতিটি পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে সর্বোচ্চ ৩ জন ইমপ্লয়িকে পদোন্নতি পরীক্ষা বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।

খ) যে সকল ইমপ্লয়ির ডিসিপ্লিনভিত্তিক মেধাক্রম রয়েছে কিন্তু কোর ভিত্তিক সমন্বিত গ্রেডেশন ক্রম নেই (রেঞ্জের মধ্যে রাখা হয়েছে) সে সকল ইমপ্লয়ির ক্ষেত্রে বিভিন্ন ডিসিপ্লিনে কর্মরত ইমপ্লয়িদের সংখ্যার আনুপাতিক হারে মেধাক্রম অনুসারে কেবলমাত্র ১ টি পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে সর্বোচ্চ ৫ জন ইমপ্লয়িকে পদোন্নতি পরীক্ষা বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান এবং একাধিক শূন্যপদের ক্ষেত্রে প্রতিটি পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে সর্বোচ্চ ৩ জন ইমপ্লয়িকে পদোন্নতি পরীক্ষা বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। তবে, কোরের সকল ডিসিপ্লিনের ন্যূনতম ১ জন করে ইমপ্লয়িকে পদোন্নতি পরীক্ষা বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করতে হবে।

গ) নেসকো চাকরি বিধি-২০২৩ এর নিয়োগ ও পদোন্নতির তপশিল অনুসারে এন্ট্রিলেভেল (প্রথম প্রবেশ) এর পদসমূহের বিপরীতে সহকারি প্রকৌশলী, সহকারি ব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন), সহকারি ব্যবস্থাপক (আইসিটি), সহকারি ব্যবস্থাপক (অর্থ/অডিট/রেভিনিউ অ্যাসিওরেন্স), সহকারি ব্যবস্থাপক (লিগ্যাল এন্ড কর্পোরেট অ্যাফেয়ার্স), জুনিয়র সহকারি ব্যবস্থাপক (অর্থ/অডিট/রেভিনিউ অ্যাসিওরেন্স) পর্যায়ের পদ অথবা তফসিলে অন্তর্ভুক্ত অন্যান্য পদের সর্বোচ্চ ৩৩% পদ ফিডার পদে কর্মরত ইমপ্লয়িগণের পদোন্নতির জন্য সংরক্ষিত থাকবে।

ঘ) অনুমোদিত মানদন্ড অনুসারে পদোন্নতি কমিটি কর্তৃক গৃহীত লিখিত বা মৌখিক বা উভয় পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের পদোন্নতির জন্য বিবেচনা করা হবে।পদোন্নতির জন্য বিবেচিত প্রার্থীদের মধ্য থেকে শূন্য পদ থাকা সাপেক্ষে কমিটি প্রয়োজনীয় সংখ্যক প্রার্থীকে ফিডার পদের জ্যেষ্ঠতার ভিত্তিতে উচ্চতর পদে পদোন্নতির জন্য সুপারিশ করবে।

ঙ) শিক্ষা ছুটি/অনুমোদিত অন্য কোন প্রকার ছুটিতে থাকার কারণে সৃষ্ট সাময়িক শূন্য পদে পদোন্নতি প্রদান করা যাবে না।

**৫.৩ পদোন্নতির প্রাথমিক যোগ্যতাঃ**

ক) পদোন্নতি যোগ্য ইমপ্লয়িকে অনুমোদিত তপশিল অনুযায়ী ফিডার পদে ন্যূনতম চাকুরিকাল এবং প্রযোজ্য ক্ষেত্রে মোট চাকুরিকালের শর্ত পূরণ সহ নেসকো চাকরি বিধি-২০২৩ এর পদোন্নতির যাবতীয় শর্তাবলি পূরণ করতে হবে।

খ) পদোন্নতি বিবেচনার পূর্ববর্তী ০৩ (তিন) পঞ্জিকা বছরে পদোন্নতি যোগ্য ইমপ্লয়ির বার্ষিক কর্মমূল্যায়ন (ACR) এর গড় নম্বর ন্যূনতম ৭০ হতে হবে।

গ) পদোন্নতি কমিটি যেকোনো ইমপ্লয়িকে মানসিক ও শারীরিক উপযুক্ততা বিষয়ে রেজিষ্টার্ড (এমবিবিএস ডিগ্রিধারী) চিকিৎসক/ মেডিকেল বোর্ডের প্রত্যয়ন জমা জমা প্রদান করার নির্দেশ দিতে পারে।

**৫.৪ পদোন্নতির অযোগ্যতাঃ**

ক) কোন ইমপ্লয়ির বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামা দাখিল বা তার বিরুদ্ধে কোনো ফৌজদারী মামলার চার্জশীট উপর্যুক্ত আদালত কর্তৃক গৃহীত হলে উক্ত মামলা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

খ) সাময়িক বরখাস্ত থাকাকালীন/বিভাগীয় মামলায় আরোপিত দন্ড বা সাজা ভোগরত কোন ইমপ্লয়ি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। কোনো ইমপ্লয়ির বিরুদ্ধে লঘুদন্ড (Minor penalty) আরোপ করা হলে তিনি শাস্তির মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ১ (এক) বছর এবং গুরুদন্ড (Major penalty) আরোপ করা হলে শাস্তির মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ২ (দুই) বছর পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

গ) বার্ষিক কর্মমূলায়নে (ACR) বিরূপ মন্তব্য/অন্য কোন কারণে কোন ইমপ্লয়ি পদোন্নতির জন্য বিবেচিত পঞ্জিকা বছরসমূহের কোন একটি কর্মমূল্যায়ন আপীল/রিভিউ প্রক্রিয়াধীন থাকাবস্থায় তিনি পদোন্নতি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন। তবে আপীল/রিভিউ আবেদনকারীর পক্ষে নিষ্পত্তি সাপেক্ষে তার পদোন্নতি কার্যকর হবে।

**৫.৫ পদোন্নতির ক্ষেত্রে মূল্যায়ন মানদন্ড/নির্ণায়ক সমূহঃ**

ক) ৩-৭ নং গ্রেডে পদোন্নতির ক্ষেত্রে নেসকো চাকরি বিধি-২০২৩ মোতাবেক লিখিত পরীক্ষা এবং/অথবা মৌখিক পরীক্ষা গ্রহণ করা যাবে। উপর্যুক্ত পরীক্ষার নির্ণায়ক এবং মানদন্ড পদোন্নতি কমিতি কর্তৃক নির্ধারিত হবে। মূল্যায়নের মানদন্ডে উত্তীর্ণ ইমপ্লয়িগন শূন্যপদ থাকা সাপেক্ষে ফিডার পদের জ্যেষ্ঠতা অনুযায়ী পদোন্নতি পাবেন।

খ) ৮-১৪ নং গ্রেডে পদোন্নতিযোগ্য পদে পদোন্নতির জন্য মূল্যায়নের নির্ণায়কসমূহের মানদণ্ড নিম্নরূপ হবেঃ

| ক্র.নং | নির্ণায়ক | মূল্যায়নের মানদন্ড | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | বিগত তিন বছরের বার্ষিক কর্মমূল্যায়নে প্রাপ্ত নম্বর | যোগ্য/অযোগ্য | মূল্যায়নের মানদণ্ডে যোগ্য ও উত্তীর্ণ ইমপ্লয়িগন শূন্যপদ থাকা সাপেক্ষে ফিডার পদের জ্যেষ্ঠতা অনুযায়ী পদোন্নতি পাবেন। |
| ২ | ফিডার পদে চাকরিকাল | যোগ্য/অযোগ্য | |
| ৩ | শিক্ষাগত যোগ্যতা | যোগ্য/অযোগ্য | |
| ৪ | লিখিত/মৌখিক পরীক্ষা | উত্তীর্ণ/অনুত্তীর্ণ | |

**৫.৬ পদোন্নতি কমিটির কার্যক্রমঃ**

ক) মানদণ্ড অনুসারে পদোন্নতিযোগ্য কর্মকর্তা-কর্মচারীর বার্ষিক কর্মমূল্যায়নে ব্যক্তিগত অর্জন প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন বিভাগ নিরূপন করতঃ তা পদোন্নতি কমিটির নিকট সরবরাহ করবে। প্রয়োজনে পদোন্নতি কমিটি তার যথার্থতা যাচাই করতে পারবেন।

খ) নির্ধারিত সূচী অনুসারে পদোন্নতি পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণ করা হবে। কোন প্রার্থী পরীক্ষা/সাক্ষাৎকারে অনুপস্থিত থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না এবং পুনঃ পরীক্ষা গ্রহণের বিষয়ে তার আবেদন গ্রহণযোগ্য হবে না। তবে উল্লেখ থাকে যে, কোনো ইমপ্লয়ি দাপ্তরিক কাজে দেশের বাইরে অবস্থানের কারণে/গুরুতর অসুস্থতা বা মহামারিতে আক্রান্ত হয়ে/ পূর্বানুমতি নিয়ে ছুটিতে থাকার কারণে নির্ধারিত দিনে পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ গ্রহণে ব্যর্থ হলে, পদোন্নতি কমিটি সুবিধাজনক সময়ে উক্ত প্রার্থীর পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণ করতে পারবেন।

গ) কমিটি সকল কার্যক্রম সম্পন্ন করতঃ পদোন্নতির জন্য সুপারিশকৃত প্রার্থীর তালিকা নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট পেশ করবেন।

**৫.৭ পদোন্নতির সুপারিশ অনুমোদন ও আদেশ জারিকরণঃ**

ক) পদোন্নতি কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীর তালিকা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষে পদোন্নতি আদেশ জারি করা হবে।

খ) পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী উক্ত পদের বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

গ) ইমপ্লয়ির পদোন্নতিপ্রাপ্ত পদে নেসকো চাকরি বিধি-২০২৩ এর বিধান সাপেক্ষে পূর্ব পদে চুক্তির ধারাবাহিকতায় চাকরি চুক্তি নবায়ন করা যাবে; তবে এক্ষেত্রে প্রথম নিয়োগ চুক্তির প্রযোজ্য অন্যান্য শর্তাবলী প্রতিপালনযোগ্য হবে।

**৫.৮ পদোন্নতির ক্ষেত্রে জ্যেষ্ঠতা নির্ধারণঃ**

ক) কোনো পদে পদোন্নতি প্রাপ্ত ইমপ্লয়িদের জ্যেষ্ঠতা উক্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে। তবে, একই সময়ে/একই তারিখে পদোন্নতি প্রাপ্ত দুই বা ততোধিক ইমপ্লয়ির জ্যেষ্ঠতা ফিডার পদে পারস্পরিক জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্ধারিত হবে।

খ) অনুমোদিত মাতৃত্বকালীন/অক্ষমতাজনিত/অসুস্থতাজনিত ছুটি ভোগরত অবস্থায় একজন ইমপ্লয়ি পদোন্নতি পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে পারবেন। তিনি পদোন্নতিপ্রাপ্ত হলে যোগদানের তারিখ হতে উক্ত পদের বেতন, ভাতা ও অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন। কাজে যোগদানের বিলম্বের জন্য তিনি ধারণাগত জ্যেষ্ঠতা প্রাপ্য হবেন তবে তিনি কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

গ) অনুমোদিত বৈদেশিক শিক্ষা ছুটি/বৈদেশিক লিয়েন এর কারণে পদোন্নতি বঞ্চিত ইমপ্লয়ি শিক্ষা ছুটি/লিয়েন শেষে নির্ধারিত সময়ে কাজে যোগদান পরবর্তীতে পদ শূন্য থাকা সাপেক্ষে পদোন্নতির জন্য বিবেচিত হবেন এবং এরূপ পদোন্নতির ক্ষেত্রে তিনি ধারণাগত জ্যেষ্ঠতা প্রাপ্য হবেন। তবে তিনি কোন বকেয়া আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

## অধ্যায়-৬

## বিবিধ

**৬.১ পরিচালনা পর্ষদের ক্ষমতা (Supremacy):**

ক) পরিচালনা পর্ষদ যেকোনো সময় এই নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, রহিত কিংবা বাতিল করতে পারবে।

খ) এই নীতিমালার কোনো শব্দ, বাক্য বা নীতি বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে, সে বিষয়ে পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**৬.২ অসুবিধা দূরীকরণঃ**

এই নীতিমালার কোনো অংশ নেসকো চাকরি বিধি-২০২৩ এর সাথে সাংঘর্ষিক হলে তা অকার্যকর বলে বিবেচিত হবে।

29.10.25
(মোঃ রফিকুল ইসলাম)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন), নেসকো ও সদস্য সচিব, নিয়োগ ও পদোন্নতি নীতিমালা প্রণয়ন কমিটি

(আবু হায়াত মোঃ রহমতুল্লাহ)
নির্বাহী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন), নেসকো ও সদস্য, নিয়োগ ও পদোন্নতি নীতিমালা প্রণয়ন কমিটি

29-10-2025
(মোহাম্মদ সেলিম)
এফসিএমএ ও পরিচালক, নেসকো বোর্ড ও সদস্য, নিয়োগ ও পদোন্নতি নীতিমালা প্রণয়ন কমিটি

(মোঃ ফিরোজ হাসান)
উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও পরিচালক, নেসকো বোর্ড ও সদস্য, নিয়োগ ও পদোন্নতি নীতিমালা প্রণয়ন কমিটি

(এ,জে,এম, এরশাদ আহসান হাবিব)
যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয় ও পরিচালক, নেসকো বোর্ড ও সদস্য, নিয়োগ ও পদোন্নতি নীতিমালা প্রণয়ন কমিটি

(ড. মোহাম্মদ আমজাদ হোসেন)
যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয় ও পরিচালক, নেসকো বোর্ড ও আহ্বায়ক, নিয়োগ ও পদোন্নতি নীতিমালা প্রণয়ন কমিটি